

## বিইউএফটি ইংলিশ টিচার্স ফোরাম উদ্বোধন



বিজিএমইএ  
ইউনিভার্সিটি  
অব ফ্যাশন  
এন্ড  
টেকনোলজি  
(বিইউএফ  
টি)-এর  
ইংরেজি  
বিভাগ

কর্তৃক আয়োজিত “বিইউএফটি ইংলিশ টিচার্স ফোরাম-স্প্রিং ২০১৬”এর উদ্বোধনী অনুষ্ঠান সম্প্রতি বিশ্ববিদ্যালয়ের অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। বিইউএফটির উপাচার্য প্রফেসর ড: সৈয়দ মাসুদ হোসেইন ‘ফোরাম’এর উদ্বোধন করেন। তিনদিনব্যাপি আয়োজিত এই ‘ফোরাম’ এর আলোচ্য বিষয় হল, “শ্রেণী কক্ষে ইংরেজি ভাষা শিক্ষাদানঃ পদ্ধতি ও প্রয়োগ”। শ্রেণী কক্ষে ইংরেজি ভাষা শিক্ষাদানে গবেষণাভিত্তিক কার্যকরী পদ্ধতি উদ্ভাবন এবং তার প্রয়োগ নিশ্চিত করা এই ফোরামের উদ্দেশ্য। আগ্রহী শিক্ষক ও শিক্ষার্থীদের জন্য এই ফোরাম উন্মুক্ত।